



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.২২.০০৭.২০১৫.৫৫২

তারিখ:

১৪ ভাদ্র ১৪২৮
২৯ আগস্ট ২০২১

বিষয়: রাজউকের ৬টি বিপণী বিতানসহ অবিক্রিত প্লটগুলোর বিদ্যমান সমস্যা নিষ্পত্তিকরণ প্রসংগে।

সূত্র: (ক) স্থানীয় সরকার বিভাগের বিগত ১৬ নভেম্বর ২০২০ তারিখের সভার কার্য বিবরণী।

(খ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা: ৩৭, তারিখ: ১৯ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেঙ্কিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ শহর উন্নয়নের লক্ষ্যে ১৯৫৮-১৯৬৫ (তৎকালীন ডি.আই.টি) রাজউক মোট ৯ টি এল.এ কেইস মূলে সাবেক নারায়ণগঞ্জ পৌরসভার মালিকানাধীন প্রায় ২৪.১৮ একর ভূমি অধিগ্রহণপূর্বক ৬টি বিপণী বিতানসহ চাষাড়া, খানপুর ও বঙ্গবন্ধু রোডের উভয় পাশে ১৭৫ টি প্লট তৈরি করে।

২। পরবর্তীতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আয় বৃদ্ধির লক্ষ্যে ১৯৮২ সালে তৎকালীন প্রধান সামরিক আইন প্রশাসক এর S-III/M-11/82/588 নং স্মারকের মাধ্যমে বিবাদীয় ৬টি বিপণী বিতান শর্তহীনভাবে নারায়ণগঞ্জ পৌরসভার অনুকূলে হস্তান্তরের নির্দেশনা প্রদান করে এবং তৎকালীন সরকার প্রধানও একই নির্দেশনা প্রদান করে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে DIT'র বিপণী বিতান ঢাকা সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন-কে হস্তান্তর করা হলেও অদ্যাবধি (সাবেক নারায়ণগঞ্জ পৌরসভা) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন-কে হস্তান্তর করা হয়নি মর্মে 'খ' সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানানো হয়েছে।

৩। উল্লেখ্য, এ বিষয়ে গত ১৬ নভেম্বর ২০২০ তারিখে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

“এতদসংক্রান্ত বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গত ৪ এপ্রিল ২০১৬ তারিখে গঠিত কমিটি হালনাগাদ করে যথাশীঘ্র সম্ভব সুপারিশ প্রণয়নপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হলো। সভায় উপস্থিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি বিষয়টি নিশ্চিত করবেন। প্রতিবেদন প্রাপ্তির পর পুনরায় আন্তঃমন্ত্রণালয় সভা করে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে”

৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৬ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ফর্দ।

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন:৯৫৪৫৪১৬

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ:

- (১) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- (২) মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- (৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- (৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।